

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫০৪৩  
আগরতলা, ০৩ মার্চ, ২০২৪

**৪২তম আগরতলা বইমেলা**  
**বইমেলায় বিভিন্ন হোমের ছাত্রছাত্রীরা**

৪২তম আগরতলা বইমেলার দ্বাদশতম দিনে আজ আগরতলার বিভিন্ন হোমের ছাত্রছাত্রী ও শিক্ষক শিক্ষিকাদের সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের উদ্যোগে বইমেলায় নিয়ে আসা হয়। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায়ের প্রয়াসে দপ্তর এই উদ্যোগ নেয়। আগরতলা শহরের বিভিন্ন হোমের শতাধিক ছাত্রছাত্রী ও শিক্ষক শিক্ষিকারা বইমেলা পরিদর্শন করেন। বইমেলায় সমাজকল্যাণ মন্ত্রী টিংকু রায় হোমের ছাত্রছাত্রীদের তাদের ইচ্ছামত দুটি করে বই কেনার জন্য উৎসাহিত করেন। এক্ষেত্রে বইয়ের মূল্য সমাজকল্যাণ মন্ত্রী নিজেই দেবেন বলে ছাত্রছাত্রীদের জানান।

বইমেলা পরিদর্শন কালে সমাজকল্যাণ মন্ত্রী টিংকু রায় জানান, হোমের ছাত্রছাত্রীরা যাতে নিজেদেরকে দেশ ও রাজ্যের মানুষের সাথে একাত্ম অনুভব করতে পারে সেজন্যই দপ্তর এই উদ্যোগ নিয়েছে। তিনি আশা প্রকাশ করেন আগামী দিনে হোমের ছাত্রছাত্রীরও সমাজের কল্যাণে ভূমিকা নিতে সক্ষম হবে। বইমেলা পরিদর্শন কালে সমাজকল্যাণ মন্ত্রীর সাথে তার পরিবারের সদস্য-সদস্যারা, তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিশ্বিসার ভট্টাচার্য, যুগ্ম অধিকর্তা অনুপম চক্রবর্তী ও সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের যুগ্ম অধিকর্তা বৈজয়ন্ত দাস প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*